

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৩৬ তারিখঃ ৭ আগস্ট ২০১৭ সোমবার

বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র কীটতত্ত্ব পরামর্শক চট্টগ্রামে



বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডাব্লুএইচও)-এর কীটতত্ত্ব পরামর্শক মি. কে. কৃষ্ণমূর্তি আজ চট্টগ্রাম সফর করেছেন। বাংলাদেশের জন্য একটি সমন্বিত ভেক্টর ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে তিনি বাংলাদেশের কীটতত্ত্ববিদ, রোগতত্ত্ববিদ ও অন্যান্যদের সাথে কাজ করছেন এবং মাঠ পর্যায়ে কর্মতৎপরতা প্রত্যক্ষ করছেন। তারই অংশ হিসেবে তিনি আজ চট্টগ্রামে সফরে এসে জেলার সিভিল সার্জন ডা. আজিজুর রহমান সিদ্দিকীর সাথে প্রথমে বৈঠকে বসেন। এরপর চট্টগ্রাম সিটি কর্পোরেশন কার্যালয়ে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, জোনাল মেডিক্যাল অফিসার, কনজারভেন্স বিভাগের দায়িত্বপ্রাপ্তদের সাথে বৈঠক করেন। এরপর সিভিল সার্জন কার্যালয়ে ফিরে এসে সমন্বিত ভেক্টর ব্যবস্থাপনা প্রণয়ন বিষয়ে চট্টগ্রামের বিশেষজ্ঞ চিকিৎসক ও অন্যান্যদের সাথে মতবিনিময় করেন। বিকেলে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হোস্টেল এলাকায় সিটি কর্পোরেশনের মশক নিধন কর্মসূচী প্রত্যক্ষ করেন।

সর্বশেষ পরিস্থিতি

শুরু থেকেই আইইডিসিআর চিকুনগুনিয়া ভাইরাস সংক্রমণ নজরদারি (surveillance) করে আসছে। নজরদারির অংশ হিসেবে আইইডিসিআর-এ আগত সম্ভাব্য চিকুনগুনিয়া রোগীদের রক্তের ল্যাবরেটরি পরীক্ষা ও পরামর্শ প্রদান, হটলাইন চালু করে সম্ভাব্য রোগী ও অন্যান্যদের প্রশ্নের জবাব ও তথ্য প্রদান, ঢাকা ও অন্যান্য জেলা থেকে এ বিষয়ে তথ্য সংগ্রহ, স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন "স্বাস্থ্য বাতায়নে"র সাথে সমন্বয় করে তথ্য হালনাগাদ ইত্যাদি কার্যক্রম পরিচালনা করছে। উল্লেখ্য, নজরদারি কার্যক্রমে সংগৃহীত রোগীর সংখ্যা দিয়ে রোগের হার নির্ণয় করা হয় না, সংগৃহীত তথ্য বিশ্লেষণ করে রোগের বিস্তৃতি ও ওঠা-নামার প্রবণতা নির্ণয় করা যায়।

- চিকুনগুনিয়া নজরদারি (surveillance) কার্যক্রমের অংশ হিসেবে সম্ভাব্য রোগীদের আইইডিসিআর-এ আর-টি পিসিআর করা হচ্ছে। গত ৯ এপ্রিল হতে ৬ আগস্ট ২০১৭ পর্যন্ত আইইডিসিআর-এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৯২২ জনে।

- গত ১২ মে হতে অদ্যাবধি ঢাকা মহানগরের বিভিন্ন সরকারী ও বেসরকারী হাসপাতালে চিকিৎসা নেয়া সম্ভাব্য চিকুনগুনিয়া ও চিকুনগুনিয়া পরবর্তী আর্থ্রালজিয়া রোগীর সংখ্যা ৯,৬০৮ জন। যারা তথ্য দিচ্ছেনঃ আইইডিসিআর, সরকারী মেডিক্যাল কলেজ হাসপাতাল সমূহ (ঢাকা, মিটফোর্ড, সোহরাওয়ার্দী, মুগদা), বেসরকারী হাসপাতালসমূহ (ঢাকা শিশু, ইউনাইটেড, এপোলো, ডেল্টা, শহীদ মনসুর আলী ও অন্যান্য) এবং চিকিৎসকের চেম্বার।
- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ৭ আগস্ট বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ৩৩৩০ টি। এর মধ্যে সম্ভাব্য নতুন রোগী ১১৩৮ জন ও পুরোনো রোগী ১৫১৭ জন। অবশিষ্ট ৬৭৫ জন ফোনকলকারীগণ চিকুনগুনিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে চেয়েছেন।
- দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর তথ্য নিম্নরূপ। আইইডিসিআর যাচাই-বাছাই করে তা চূড়ান্ত করেছে।

জেলার নাম	সম্ভাব্য রোগীর সংখ্যা (০৭/০৮/১৭ বিকেল ৩টা পর্যন্ত)	যাচাই শেষে রোগীর সংখ্যা (০৭/০৮/১৭ বিকেল ৩টা পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৯	৫
জয়পুরহাট	১	০
বরিশাল	৪	০
গোপালগঞ্জ	১১	১
ঢাকা জেলা*	৫৩	৭
নরসিংদী	১৮	১৩
মুন্সীগঞ্জ	২৮	১১
নারায়নগঞ্জ	৯	০
গাজীপুর	৮	৩
নেত্রকোনা	৩	১
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	২৫	৬
রাজশাহী	১	১
নওগাঁ	৩	০
কিশোরগঞ্জ	১	০
সর্বমোট	১৮১	৪৮**

*ঢাকা সিটি কর্পোরেশন ব্যতীত।

**এদের কারো কারো ঢাকা মহানগর ভ্রমণের ইতিহাস আছে ও এদের অধিকাংশ পোস্টচিকুনগুনিয়া আর্থ্রাইটিস এ আক্রান্ত।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।